

AKASHVANI KOLKATA

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 01-10-2026

Time: 1.30 PM

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, স্বাধীনতার পর দেশ পুনর্গঠনের কাজে, সংঘ লোকসেবা আয়োগ - UPSC গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে।

২) প্রধানমন্ত্রী প্রাকৃতিক ভারসাম্য রক্ষা ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য অমূল্য সম্পদ হিসাবে বন ও বন্য প্রাণী সুরক্ষার ওপর জোর দিয়েছেন।

৩) দুবাই থেকে ইজরায়েলের তেলআভিব গামী বিমানের আহত ভারতীয় ক্যাপ্টেন স্মিথ মচ্ছরের পরিবারের সঙ্গে প্রধানমন্ত্রী কথা বলেছেন।

তাকে ছুরিকাঘাতের অভিযোগে সহকারি পাইলট গ্রেপ্তার।

৪) দেশে চলতি অর্থবর্ষের সেপ্টেম্বর মাসে জিএসটি সংগ্রহের হার গত বছরের তুলনায় ১৪ দশমিক ৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

৫) এশিয়ান গেমসে সেলিং-এ ভারতের মনু ফ্রান্সিস এবং নোবল কুরিসিংকল রৌপ্য পদক পেয়েছেন। কম্পাউন্ড আর্চারিতে ভারতের গণেশমণি রতন ব্রোঞ্জ পদক পেয়েছেন।

মহিলাদের স্কোয়াশের দলগত ইভেন্টে ভারতের ব্রোঞ্জ পদক।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, স্বাধীনতার পর দেশ পুনর্গঠনের কাজে সংঘ লোক সেবা আয়োগ, UPSC, গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। আজ, UPSC- এর শতবর্ষ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে, প্রধানমন্ত্রী বলেন, ভারতের প্রথম স্বরাষ্ট্র মন্ত্রী সর্দার বল্লভভাই প্যাটেল, দেশ পুনর্গঠনের লক্ষ্যে এই ইম্পাত কঠিন কাঠামো গড়ে তোলার উদ্যোগ নেন। প্রধানমন্ত্রী বলেন, সরকার, প্রযুক্তি এবং প্রজন্ম বদলে গেলেও এই সংস্থার উপর মানুষের আস্থা অবিচল রয়েছে। তিনি, জনপরিষেবায় অনুপ্রাণিত যুবসম্প্রদায়কে দেশের সর্বোচ্চ প্রশাসনিক পদে নিয়ে আসার প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

(BYTE)

প্রধানমন্ত্রী, দুবাই থেকে, ইসরায়েলগামী বিমান ছিনতাই বাধাগ্রস্ত করে দেওয়ার জন্য ভারতীয় ক্যাপ্টেন স্মিথ মচ্ছরের প্রশংসা করেন। তিনি বলেন, বিপদের মুখে গুরুতর

ভাবে আহত হওয়া সত্ত্বেও ক্যাপ্টেন মচ্ছর অন্যদের জীবন রক্ষায় সাহস এবং সংকল্পের পরিচয় দিয়েছেন।

(BYTE – PM)

১৯২৬ সালের, পয়লা অক্টোবর UPSC-এর যাত্রা শুরু হয়েছিল। গত বছর থেকে এক বছর ধরে এই সংস্থার শতবর্ষ উদযাপন করা হচ্ছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, প্রাকৃতিক ভারসাম্য রক্ষা এবং ভবিষ্যত প্রজন্মের জন্য অমূল্য সম্পদ হিসেবে বন ও বন্য প্রাণী সুরক্ষার প্রয়োজন। বন্যপ্রাণ সপ্তাহ -২০২৬ উপলক্ষে এক বার্তায় শ্রী মোদী, বন্যপ্রাণীদের এবং তাদের বিচরণ সুরক্ষার জন্য নাগরিকদের কাজ করতে আহ্বান জানান। প্রাকৃতিক ভারসাম্য রক্ষার স্বার্থে বন্যপ্রাণীদের যাতায়াতের করিডোর এবং তাদের বিতরণ ক্ষেত্রের মধ্যে যোগাযোগ অব্যাহত রাখা প্রয়োজন। তিনি বলেন, কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকারগুলির সঙ্গে সহযোগিতায় দেশের বিভিন্ন বনাঞ্চল সংলগ্ন বন্য প্রাণীদের করিডোর চিহ্নিত করার উদ্যোগ নিয়েছে।

বন্যপ্রাণীদের সুরক্ষায় সরকারী উদ্যোগের অঙ্গ হিসেবে তিনি প্রজেক্ট চিতা উল্লেখ করে বলেন, গ্রেট ইন্ডিয়ান বাস্টার্ড* বা হারগিলে, গন্ডার, ডলফিন এবং ম্নো-লেপার্ড

সংরক্ষণেও বিভিন্ন ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী জানান ইন্টার ন্যাশনাল বিগ ক্যাট অ্যালায়েন্স প্রকল্পের মাধ্যমে ব্যাঘ্র জাতীয় প্রজাতির সংরক্ষণে আন্তর্জাতিক ক্ষেত্রেও ভারতের উপযুক্ত ভূমিকা রয়েছে।

দিওয়ালির আগে সম্পূর্ণভাবে আতশবাজি নিষিদ্ধ করার আবেদন খারিজ করে দিয়েছে সুপ্রিম কোর্ট। বিচারপতি এম এম সুন্দরেশ এবং পি বি বরালের বেঞ্চ বলেছেন, দিওয়ালির সময় নির্দিষ্ট কিছু আতশবাজি ব্যবহারের অনুমতি দেবে আদালত। একই সঙ্গে আদালত সব ধরনের আতশবাজির ওপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা এবং অবাধে বাজি পোড়ানো নিষিদ্ধ করার দুটি আবেদন নাকচ করে দিয়েছে।

কেন্দ্রীয় খনি মন্ত্রক আজ অফশোর বা সমুদ্রবক্ষের খনিজ ব্লকের নিলাম প্রক্রিয়া শুরু করবে। মন্ত্রক জানিয়েছে, ভারতের দীর্ঘমেয়াদি খনিজ সম্পদ নিরাপত্তা জোরদার করার ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

এই নিলামে আন্দামান সাগর অঞ্চলের দুটি অফশোর খনিজ ব্লক অন্তর্ভুক্ত রয়েছে। এগুলি 'কম্পোজিট লাইসেন্স' প্রদানের জন্য নিলাম করা হবে।

দুবাই থেকে ইজরায়েলগামী বিমানের ক্যাপ্টেন স্মিথ মচ্ছরের পরিবারের সঙ্গে প্রধানমন্ত্রী কথা বলেছেন। সরকারী সূত্রে জানানো হয়েছে, তাঁর স্ত্রী এবং বাবা-মার সঙ্গে কথা বলে প্রধানমন্ত্রী ক্যাপ্টেন মচ্ছরের প্রশংসা করেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন , প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্করও ক্যাপ্টেন মচ্ছরের ভূয়সী প্রশংসা করেছেন।

আগেই জানানো হয়েছে, দুবাই থেকে ইজরায়েলের তেল আভিভগামী এক যাত্রীবাহী বিমানের ভারতীয় পাইলটকে ছুরিকাঘাত করে , তা ছিনতাই করার চেষ্টা করেছিল ঐ বিমানেরই সহকারী পাইলট। সৌদি আরব কর্তৃপক্ষ ওমানের নাগরিক ওই অভিযুক্ত সহকারী পাইলটকে গ্রেপ্তার করে।

গতকাল ওমানের ওই সহকারী পাইলট, বিমানের প্রধান পাইলটকে ছুরিকাঘাত করার ফলে দুই মিনিটেরও কম সময়ে বিমানটি ১৭ হাজার ফুটেরও বেশি নেমে যায়। তবে যাত্রীরা এবং বিমান কর্মীরা ককপিটের ভেতরে প্রবেশ করে আক্রমণকারীকে নিরস্ত করেন। পরে বিমানটির পথ পরিবর্তন করে উত্তর-পশ্চিম সৌদি আরবের তাবুক বিমানবন্দরে নিরাপদে অবতরণ করানো হয়।

ইজরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু এবং প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ এই ঘটনাকে একটি গুরুতর নিরাপত্তা সংকট এবং সন্ত্রাসবাদী হামলা হিসেবে

অভিহিত করেছেন। ইজরায়েলের প্রধানমন্ত্রী ভারতীয় নাগরিক ও প্রধান পাইলট স্মিত মাচ্ছারকে একজন নায়ক হিসেবে বর্ণনা করেছেন।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও ক্যাপ্টেন স্মিথ মাচ্ছরকে হিরো হিসেবে প্রশংসা করেছেন।

রিয়াদে অবস্থিত ভারতীয় দূতাবাস এবং জেদায় অবস্থিত কনসাল জেনারেল জানিয়েছে, তারা ক্যাপ্টেন মাচ্ছরের শারীরিক অবস্থার ওপর নজর রাখছে। এক বিবৃতিতে ভারতীয় দূতাবাস জানায়, ক্যাপ্টেন মাচ্ছর বর্তমানে তাবুকের একটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

সেবা সংকল্প অভিযান কর্মসূচির অধীনে বিশেষ আলোচনার আজকের বিষয় স্বচ্ছ ভারত অভিযান। শুনবেন অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব। অধ্যাপক সুজয়া বসুর সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত ৮ টায় গীতাঞ্জলি ডিটিএইচ বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

চলতি অর্থবর্ষের সেপ্টেম্বর মাসে পণ্য ও পরিষেবা কর- জি এস টি সংগ্রহের হার গতবছরের তুলনায় ১৪ দশমক ৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০২৫ -এর সেপ্টেম্বর মাসে

এই পরিমাণ ছিল ১ লক্ষ ৭৭ হাজার কোটি টাকা। ২০২৬ -এর সেপ্টেম্বরে কেন্দ্রীয় জি এস টি-র পরিমাণ দাঁড়িয়েছে ৩৭ হাজার ৭৭২ কোটি টাকা। রাজ্য জি এস টির পরিমাণ ৪৫ হাজার ৩৬৩ কোটি টাকায় পৌঁছেছে। সুসংহত আই জি এস টি-র পরিমাণ ১ লক্ষ ২০ হাজার কোটি টাকা ছাড়িয়ে গেছে বলে সরকারী সূত্রে জানান হয়েছে।

আফগানিস্তানের হেলমন্দ এবং কুনার প্রদেশে পাকিস্তানি বিমান হামলায় মহিলা ও শিশু সহ ৯ জন সাধারণ নাগরিকের মৃত্যু হয়েছে। তালিবান সরকারের মুখপাত্র, এই খবর জানিয়ে বলেছেন, গতকাল পাক বিমান বাহিনী, সুলতান জেলার কুনার ও গার্মসের জেলার হেলমন্দে হামলা চালায়। এর আগেও এই অঞ্চলে পাক বাহিনীর হামলায় তিন আফগান নাগরিকের মৃত্যু হয়েছিল। আফগানিস্তান সরকার এই হামলার কঠোর নিন্দা করেছে।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন মার্কিন সৈন্যদল পাকাপাকি ভাবে ইরাক ত্যাগ করছে। এর ফলে, আনুষ্ঠানিকভাবে 'অপারেশন ইনহেরেন্ট রিজলভ'-এর সমাপ্তি হল। ট্রাম্প এই সৈন্য প্রত্যাহারকে আইসিস (ISIS)-এর বিরুদ্ধে নির্ণায়ক জয় হিসেবে

বর্ণনা করেছেন। তিনি বলেন, এর মাধ্যমে ইরাকে দুই দশকেরও বেশি সময় ধরে চলে আসা মার্কিন সামরিক উপস্থিতির ইতি ঘটল।

উল্লেখ্য, এই সৈন্য প্রত্যাহারের পরিকল্পনাটি ২০২৪ সালে বাইডেন প্রশাসনের অধীনে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরাকের মধ্যে আলোচনার মাধ্যমে নির্ধারণ করা হয়।

ভারতের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রীতি ফুটবল ম্যাচ খেলতে পাঁচবারের বিশ্ব চ্যাম্পিয়ান ব্রাজিলের ফুটবল দল আজ কলকাতায় আসছে। আগামী তেশরা অক্টোবর যুব ভারতী ক্রীড়াঙ্গণে এই ম্যাচ হবে। যদিও ব্রাজিলের অন্যতম তারকা খেলোয়াড় রাফিনহা চোটের কারণে এই ম্যাচে খেলতে পারবেনা না।

অন্যদিকে, উরুগুয়ের দল গতরাতে কলকাতায় এসে পৌঁছেছে। দু-বারের বিশ্ব চ্যাম্পিয়ান উরুগুয়ে আগামী ৬-ই অক্টোবর ভারতের মুখোমুখি হবে।

পুরুষদের ক্রিকেটে, গত রাতে গুয়াহাটির বর্ষাপাড়া ক্রিকেট স্টেডিয়ামে তিন ম্যাচের সিরিজের দ্বিতীয় ওয়ান ডে-তে ভারত, ওয়েস্ট ইন্ডিজকে আট উইকেটে হারিয়ে সিরিজ জিতে নিয়েছে।

এশিয়ান গেমসের দ্বাদশ দিবসে আজ ভারতীয় ক্রীড়াবিদরা আরও পদক জয়ের লক্ষ্যে খেলছেন। পুরুষদের হকির সেমিফাইনাল, ভারত চির প্রতিদ্বন্দ্বী পাকিস্তানের মুখোমুখি হয়েছে। সর্বশেষ পাওয়া খবরে ভারত ১-০ গোলে এগিয়ে গেছে।

এদিকে, মহিলা হকিতে ভারত খেলবে চীনের বিরুদ্ধে।

কম্পাউন্ড আর্চারিতে আজ ভারতের গণেশমণি রতন ১৯৪-১৪৪ গেমের কং ডুক ড্যাং-কে হারিয়ে ব্রোঞ্জ পদক পেয়েছেন। পুরুষদের ২৫ মিটার র‍্যাপিড ফায়ার পিস্তলে ভারতের অনীশ ভানওয়ালা ফাইনালে উঠেছেন।

মহিলাদের স্কোয়াশের দলগত ইভেন্টে ভারতের মহিলারা ব্রোঞ্জ পদক পেয়েছেন। সেলিং-এ ভারতের মনু ফ্রান্সিস এবং নোবল কুরিসিংকল রৌপ্য পদক পেয়েছেন। ক্রিকেটে শ্রেয়াস আইয়ারের নেতৃত্বে ভারত সেমিফাইনালে শ্রীলঙ্কাকে ১২৪ রানে হারিয়ে ফাইনালে পৌঁছেছে। ফাইনালে ভারত পাকিস্তানের বিরুদ্ধে খেলবে।

এদিকে, পুরুষদের সেপাক টাক্র -য় ভারত ,বিশ্ব চ্যাম্পিয়ন মায়ানমারকে হারিয়ে ফাইনালে উঠেছে।

পাশাপাশি, শ্যুটিং, জুডো, ভলিবল, ট্রাক সাইক্লিং, গলফ, তাইকোয়ান্দো, টেনিস, রাগবি সেভেন্স এবং স্পোর্ট ক্লাইম্বিং-সহ বিভিন্ন ধরনের খেলায় প্রতিদ্বন্দ্বিতা করছেন ভারতীয় অ্যাথলেটরা।
